দৈনিক খবর

তারিখ 29 NOV 1992
পৃষ্ঠা 7 কলাম 7

13

ছাত্ররা আসছে না

# ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এখনো থমথমে

● কুষ্টিয়া ব্যুরো অফিস থেকে মতিউর রহমান লান্টু ● ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র হত্যার কারণে এলাকায় এখনো থমথমে অবস্থা বিরাজ করছে। গতকাল শনিবারও বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কোন ছাত্র-ছাত্রীর উপস্থিতি লক্ষ্য করা যায়নি

জেলা আওয়ামী লীগ, যুবলীগ ও

২ এর পাতায় দেখুন

## ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

ছাত্রলীগ নেতারা বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে অবিলম্বে উপাচার্য ডঃ আবদুল হামিদসহ স্বাধীনতা বিরোধীচক্রকে বিশ্ববিদ্যালয় থেকে অপসারণ করার জোর দাবী জানিয়েছেন। শহরের বিভিন্ন সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠনও পৃথক পৃথক বিবৃতিতে ইসলামী বিশ্ববিদ্যালয়কে একটি পূর্ণাঙ্গ আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলার সাথে যারা প্রতিবন্ধক হিসেবে কাজ করছে তাদেরকে উচিত শিক্ষা দেবার জন্য কুষ্টিয়াবাসীর প্রতি আহবান জানান। সেই সাথে বিতর্কিত উপাচার্য ডঃ হামিদের অপসারণ এবং তার বিরুদ্ধে উত্থাপিত দুর্নীতি, স্বজনপ্রীতিসহ বিভিন্ন অপকর্মের সুষ্ঠু তদন্তের দাবী জানানো হয়েছে।